

জাতীয় বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স ভর্তির ফল প্রকাশ আজ, জানবেন যেভাবে

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের

মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের প্রথম মেধা তালিকা

আজ (বুধবার) প্রকাশিত হচ্ছে। শিক্ষার্থীরা বিকেল

৪টা থেকে এসএমএসের মাধ্যমে এবং রাত ৯টা

থেকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ফল দেখতে

পারবেন। মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের

অনলাইনে ভর্তি ফরম পূরণ শুরু হবে আগামীকাল

থেকে।

জাতীয় বিশ্ববিদ্যালয় এক বিজ্ঞপ্তিতে জানায়,

বুধবার বিকেল ৪টা থেকে এসএমএসের মাধ্যমে

(nu <space> atmf <space> Roll No

টাইপ করে ১৬২২২ নম্বরে পাঠিয়ে) ফল জানা

যাবে।

একইদিন রাত ৯টা থেকে ফল প্রকাশ করা হবে

বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে

(www.nu.ac.bd/admissions)।

বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, মেধাতালিকায় স্থান

পাওয়া শিক্ষার্থীদের মধ্যে কেউ যদি ইতোমধ্যে

মাস্টার্স (নিয়মিত অথবা প্রাইভেট) বা মাস্টার্স

প্রফেশনাল কোর্সে (যেকোনো শিক্ষাবর্ষে) ভর্তি

হয়ে থাকেন, তবে তাকে অবশ্যই ২৫ জুনের মধ্যে

আগের ভর্তি বাতিল করে নতুনভাবে ভর্তি হতে

হবে। না হলে দৈত ভর্তি হিসেবে গণ্য হয়ে তার

রেজিস্ট্রেশন বাতিল হয়ে যাবে।

ভর্তির সময়সূচি অনুযায়ী, ১৮ জুন থেকে ২৯ জুন

পর্যন্ত শিক্ষার্থীরা অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম

পূরণ করতে পারবেন।

ফরম পূরণ শেষে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে

হবে। ফরম পূরণের জন্য অ্যাপ্লিকেশন লগইন

অপশন থেকে মাস্টার্স (রেগুলার) লগইন লিংকে

গিয়ে নির্ধারিত রোল ও পিন দিয়ে প্রবেশ করতে

হবে।

মেধাতালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি ফরম ও

রেজিস্ট্রেশন ফি বাবদ ৮৩৫ টাকা সংশ্লিষ্ট কলেজে

জমা দেওয়ার সময় নির্ধারণ করা হয়েছে ১৯ জুন

থেকে ৩০ জুন পর্যন্ত। আর কলেজ কর্তৃপক্ষের
নির্ধারিত মোবাইল ব্যাংকিং পদ্ধতি বা সরাসরি
পেমেন্টের মাধ্যমেই টাকা জমা দিতে হবে।

এরপর কলেজ কর্তৃপক্ষ ১ জুলাইয়ের মধ্যে
শিক্ষার্থীদের তথ্য ও ছবি যাচাই করে অনলাইনে
চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পন্ন করবে। কোনো
শিক্ষার্থীর তথ্য বা ছবিতে গড়মিল বা অসঙ্গতি
দেখা গেলে তাকে ভর্তি না করে বিষয়টি
লিখিতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর
শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর জানাতে
হবে।

এদিকে ভর্তি হওয়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি
বাবদ আদায় করা ৮৩৫ টাকা সোনালী ব্যাংকের
নির্ধারিত হিসাব নম্বরে জমা দেওয়ার সময়
নির্ধারণ করা হয়েছে ২ জুলাই থেকে ১০ জুলাই
পর্যন্ত। এ জন্য কলেজ কর্তৃপক্ষকে এডমিশন
পেমেন্ট ইনফো (মাস্টার্স রেজি.) অপশন থেকে
পেম্প্লিপ ডাউনলোড করে কাছের সোনালী ব্যাংকে
জমা দিতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুযায়ী, মাস্টার্স
(নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস
শুরু হবে ১ জুলাই ২০২৫ তারিখ থেকে।

ভৱিতি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয়

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানা যাবে

বলেও জানিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।